গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৭-৪০৫ তারিখঃ ১০ -১২-২০১৭

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৭-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (অক্টোবর/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭-১১-২০১৭ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (অক্টোবর/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ডিসেম্বর, ২০১৭ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ২০-১২-২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ neenashahnaz@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

১০.১২.২০১৭
(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১৪০৯৯৫
e-mail: neenashahnaz@gmail.com

কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। উপ-পরিচালক (বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০৩। প্রকল্প পরিচালক, সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৪। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৫। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৬। কর্মসূচী পরিচালক, ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী , ঢাকা।
০৭। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৭-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (অক্টোবর/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ০৯.০০ ঘটিকা।
তারিখ : ২৭ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনাঃ

১। আলোচ্য বিষয়-১: ৩০-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ৩০-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.১	৩০-১০-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)

২। আলোচ্য বিষয়-২.১: কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে সভাকে জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে এডিপি ৫৩০.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ১৩২.৫০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং অক্টোবর/২০১৭ পর্যন্ত সর্বমোট ৭৫.২৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ১৪.২০%। তাছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত ০২টি কর্মসূচী এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে ৮৩.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১ম কিস্তি বাবদ ২০.৯৫ লক্ষ টাকা ছাড় করা হয় এবং অক্টোবর/২০১৭ পর্যন্ত সর্বমোট ১৪.৭০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ১৭.৫৪%। এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি সমূহে ২য় কিস্তি অর্থ ছাড় সংশ্লিষ্ট সকল কার্যক্রম ডিসেম্বর,২০১৭ মাসের মধ্যে সম্পাদনের এবং অগ্রগতি ৫০% করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালককে সভায় নির্দেশনা দেয়া হয়।

২.১ বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) (সমাপ্ত) প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়ী জরুরী ভিত্তিতে পরিবহন পুলে জমা দিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং ডিসপ্লে বোর্ডের সকল অসমাপ্ত কাজ সম্পন্ন করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে তা চালু করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সমাপ্ত প্রকল্পের বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিস্পত্তি করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণসহ প্রকল্প চলাকালীন সময়ে সকল অডিট আপত্তি ও নিস্পত্তিকৃত বিষয়গুলো একটি ফাইলে সংরক্ষণ করে অধিদপ্তরের হিসাব শাখায় জমার দেয়ার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়।

২.২: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের আওতায় চলমান গোলাপগঞ্জের এসেম্বল সেন্টার নির্মাণ কাজের বিপরীতে এলজিইডিকে অবশিষ্ট ফান্ড হস্তান্তর এবং প্রতি মাসে প্রতি জেলায় গঠিত কৃষক বিপণন দল নিয়ে কমপক্ষে ০২টি প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনের লক্ষ্যে মাঠ কর্মকর্তা ও জেলা বাজার কর্মকর্তাকে সম্পৃক্তকরণের